দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 26 NOV 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ভর্তির সাক্ষাৎকার ৪ ও ৫ ডিসেম্বর

■ রংপুর প্রতিনিধি

রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে গত ১৩ থেকে ১৭ নভেম্বর অনুষ্ঠিত ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক(সম্মান) প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার ফলাফল বুধবার রাতে প্রকাশ করা হয়েছে।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, প্রকাশিত ফলাফল অনুযায়ী মেধা তালিকা থেকে আগামী ৪ ও ৫ ডিসেম্বর সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকারে অংশগ্রহণকারীদের থেকে মেধাক্রমানুসারে ১৩ ডিসেম্বর প্রথম তালিকা প্রকাশ করা হবে ও সেই তালিকা থেকে ১৮ ও ১৯ ডিসেম্বর ভর্তি নেওয়া হবে।

আসন খালি থাকা সাপেক্ষে আগামী ৪ জানুয়ারি দ্বিতীয় তালিকা প্রকাশ এবং সেই তালিকা থেকে ১০ ও ১১ জানুয়ারি ভর্তি নেওয়া হবে, ১৬ জানুয়ারি তৃতীয় তালিকা প্রকাশ ও ১৯ জানুয়ারি ভর্তি, ২৩ জানুয়ারি চতুর্থ তালিকা প্রকাশ ও ২৬ জানুয়ারি ভর্তি, ৩১ জানুয়ারি পঞ্চম তালিকা প্রকাশ ও ৬ ফেব্রুয়ারি ভর্তি, ৯ ফেব্রুয়ারি ষষ্ঠ তালিকা প্রকাশ ও ১৪ ফেব্রুয়ারি ভর্তি এবং ১৯ ফেব্রুয়ারি সপ্তম তালিকা প্রকাশ ও সেই তালিকা থেকে ২৩ ফেব্রুয়ারি ভর্তি নেওয়া হবে। অপরদিকে কোটায় স্থানপ্রাপ্তদের সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে ৫ ও ৮ জানুয়ারি। তালিকা প্রকাশ করা হবে ১৬ জানুয়ারি এবং সেই তালিকা থেকে ২৫ ও ২৬ জানুয়ারি ভর্তি নেওয়া হবে। ফলাফলসহ ভর্তির যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েব সাইটে (www.brur.ac.bd) পাওয়া যাবে।